

# শ্রীগুরু কথামৃত বিন্দু

৫ম সংখ্যা | ২০২১



শ্রীশ্রীমৎ জয়পতাকা স্বামী

গুরুমহারাজের শিষ্যবৃন্দ এবং তাঁর শুভাকাঙ্ক্ষীদের জন্য

# জগন্নাথ মিশ্রের নিমাই-প্রীতি

শ্রীমৎ জয়পতাকা স্বামী মহারাজের  
সঙ্কলন থেকে শ্রীচৈতন্য মহাপ্রভু এবং তাঁর  
ভক্তমণ্ডলীর লীলাকথা



দেবকী এবং বসুদেব বাৎসল্যরসাস্রিত হয়েছিলেন অর্থাৎ মা-বাবার সম্বন্ধ গড়ে তুলেছিলেন এবং তাঁর সকল সময়েই কৃষ্ণ আর বলরামকে তাদের আশ্রিত সন্তানাদি রূপে বিবেচনা করতেন। তাই যখন তারা কংসের সাথে লড়াই বাধাত, তাদের কল্যাণার্থে তখন তাঁরা প্রার্থনা করতেন। এটাই কৃষ্ণের যোগমায়ার স্বভাব। কৃষ্ণের মা-বাবা সর্বদাই ভাবছেন যে, কৃষ্ণ তাঁদের করুণা আর তাঁদের আশ্রয়ার্থী হয়েই আছেন।

একবার জগন্নাথ মিশ্র শিশু নিমাইকে কঠোর নিয়মে বেঁধেছিলেন আর সেই রাতে তাঁর স্বপ্নে এক ব্রাহ্মণ এসে তাঁকে তিরস্কার করে বললেন, “কি করে তোমার ছেলেকে তুমি শাস্তি দিতে পারি? তিনি তো কৃষ্ণ স্বয়ং। তিনি এক অবতার। ঐভাবে তুমি তাকে সাজা দিতে পার না। তোমার কোনও নির্দেশই তার দরকার নেই।”

কিন্তু তখন জগন্নাথ মিশ্র যুক্তি দেখান, “সে কে তা আমি বুঝি না। সে আমার ছেলে, তার দেখাশোনা আমাকে করতেই হবে। তাকে রক্ষা করতে হবে আমাকেই। তাকে খাওয়াতে পরাতে হবে। সে কে তাতে কিছু যায় আসে না, পিতা হয়ে আমার একটা কর্তব্য রয়েছে তো।”

এইভাবে স্বপ্নের মধ্যে তাঁরা খুব জোর তর্ক জুড়েছিলেন। শেষে জগন্নাথ মিশ্র যেন খানিকটা রাজি হলেন মনে হল। তিনি রাজি হয়ে

বললেন, “হ্যাঁ, যদি সে কৃষ্ণ হয়, তা হলে কি করে আমি তাকে  
নিয়মকানুন শেখাই?” আর তখনই তাঁর স্বপ্ন গেল ভেঙে।

তিনি জেগে উঠে বললেন, ওঃ! কী অশ্চর্য স্বপ্ন। যাই হোক, নিমাই  
আমার ছেলে। তার যত্ন তো আমাকে নিতেই হবে।” এমনি চিন্তা  
করতে করতে তিনি আবার ঘুমিয়ে পড়লেন।

তথ্য সূত্র: শ্রীগুরুমুখ পদ্যবাক্য, পৃষ্ঠা-১২

## শ্রীচৈতন্য মহাপ্রভুর আবির্ভাবের অন্তর্নিহিত কারণ

“ চৈতন্য মহাপ্রভুর আবির্ভাবের অন্তর্নিহিত  
গোপনীয় কারণ ভক্তের মত হওয়ার অতিজ্ঞতা  
অর্জন এবং কেন ভক্ত, কৃষ্ণের থেকেও পরম  
সুখ অনুভব করে তা উপলব্ধি এবং শ্রীকৃষ্ণ শুধু  
শ্রীমতি রাধারানীর ভাব এবং অঙ্গকান্তি গ্রহণের  
মাধ্যমে সেই অতিজ্ঞতা অর্জন করতে পারেন। ”

- সেপ্টেম্বর ১৩, ২০১৩, শ্রীধাম মায়াপুর, ভারত

# শ্রীগুরু কথামৃত বিন্দু


জে.পি.এস আর্কাইভস

ফ্ল্যাট এস-১, তৃতীয়তল, প্রভুপাদ নিবাস, অভয়নগর,  
পোঃ- শ্রীধাম মায়াপুর, নদীয়া, পশ্চিমবঙ্গ-৭৪১৩১৩।

magazine.jpsarchives@gmail.com

+919681916108

www.jayapatakaswamiarchives.net



ভিক্টোরী ফ্লাগ পাবলিকেশন্স প্রকাশিত

লেখক: শ্রীশ্রীমৎ জয়পতাকা স্বামী

+919800915553